বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা

...

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ হাসানুল ইসলাম,এনডিসি<br>পরিচালক |
| সভার তারিখ | ০৮ জানুয়ারি/২০১৯ খ্রি: |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | সভাপতি মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক দ্রষ্টব্য। |

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের নির্দেশনায় উপপরিচালক (প্রোগ্রামিং) গত ১৮ ডিসেম্বর/২০১৮ তারিখ পউসবি অনুষ্ঠিত ইনোভেশন সভার কার্যবিবরণী ও ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো সভায় উপস্থাপন করেন। সভার আলোচ্য বিষয়সমূহ গুরুত্বপূর্ণ বিধায় এ সকল বিষয়ে তিনি সকলের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। সে মোতাবেক আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অগ্রগতি পর্যালোচনা ও মূল্যায়ন | ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় উল্লিখিত উদ্দেশ্যসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়-<br>১. বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ক্রমিক নং-১.১, ১.২ ও ১.৩ ইতোমধ্যে ১০০% বাস্তবায়ন হয়েছে;<br>২. এ পর্যন্ত ইনোভেশন টিমের ০২ টি সভা অনুষ্ঠিত হয়েছে। উল্লিখিত সভার সিদ্ধান্তসমূহের বেশিরভাগ বাস্তবায়ন হয়েছে;<br>৩. উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উল্লিখিত ক্রমিক নং-৩.১, ৩.২ ও ৩.৩ এর প্রশিক্ষণসমূহ অনুষ্ঠিত হয়নি;<br>৪. ক্রমিক নং-৪.১ এ উল্লিখিত সূচক ১০০% অর্জন হয়েছে। ৪.২ এ উল্লিখিত উদ্ভাবনী আইডিয়াসমূহ ব্যাংক এ জমা হয়নি;<br>৫. পাইলটিংকৃত উদ্ভাবনী উদ্যোগসমূহ ওয়েব সাইটে প্রকাশ ও বাস্তবায়ন করা হয়েছে।<br>• পরিচালক (পরিকল্পনা) মহোদয় কর্তৃক ডিমলা, নীলফামারী পরিদর্শনকালে ইনোভেশন কার্যক্রমটি | • যে সূচকগুলো ইতোমধ্যে অর্জন করা হয়েছে সে কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার সিদ্ধান্ত হয়;<br>• প্রশিক্ষণ বিভাগের সাথে আলোচনাপূর্বক উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে;<br>• উদ্ভাবনী আইডিয়াসমূহ আইডিয়া ব্যাংকে জমার বিষয়ে জরুরি ব্যবস্থা নিতে হবে;<br>• কর্মপরিকল্পনায় উল্লিখিত সূচক অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগসমূহ পরিদর্শনসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>• বাছাইকৃত উদ্ভাবনী আইডিয়াসমূহের স্বীকৃতি প্রদানের উদ্দেশ্যে মহাপরিচালক মহোদয়ের উপস্থিতিতে তা উপস্থাপনের ব্যবস্থা করতে হবে;<br>• এটুআই ও প্রশিক্ষণ বিভাগের সাথে যোগাযোগপূর্বক মেন্টর- | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | বিস্তারিতভাবে পর্যবেক্ষণের বিষয়ে আলোচনা হয়। এছাড়া পরিচালক (অর্থ) চাঁদপুর ও পরিচালক (প্রশাসন) সাতক্ষীরা ও ঝিনাইদাহ এর উদ্ভাবনী উদ্যোগসমূহ পরিদর্শনের বিষয়ে আলোচনা হয়।<br>৬. ক্রমিক নং-৬.১ এ উল্লিখিত মে/২০১৯ মাসের মধ্যে সংশ্লিষ্ট ইনোভেশন শোকেসিং ও মেন্টর-মেন্টির কর্মশালা অনুষ্ঠান বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>৭.<br>i. দক্ষ কর্মী ব্যবস্থাপনার মাধ্যমে জনবান্ধব সেবা প্রদান নিশ্চিতকরণ;<br>ii. সমন্বিত উদ্যেগ গ্রহণের মাধ্যমে গ্রামসমূহকে অতি দারিদ্র মুক্তকরণ;<br>iii. বিআরডিবি'র জেলা/উপজেলা পর্যায়ের হিসাব ব্যবস্থা আধুনিকীকরণ।<br>উল্লিখিত ০৩ (তিন) টি উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়।<br>৮. মেন্টর/মেন্টি নির্বাচন তালিকা প্রস্তুত ও ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে এবং ০২ (দুই) দিনের মেন্টরিং কর্মশালা আয়োজনের প্রস্তুতি চলছে।<br>৯.<br>i. উদ্ভাবকদের প্রশংসাসূচক/উপ আনুষ্ঠানিক পত্র/সনদপত্র প্রদানের বিষয়ে আলোচনা হয়;<br>ii. উদ্ভাবকদের নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।<br>১০. ২০১৮-২০১৯ অর্থবছরে গবেষণা ব্যয় শিরোনামে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বাজেট বরাদ্দ রয়েছে।<br>১১. পার্টনারশীপ ও নেটওয়ার্কিং এর বিষয়ে পউসবি এর সাথে যোগাযোগপূর্বক ব্যবস্থা নেয়ার বিষয়ে আলোচনা হয়।<br>১২. ক্রমিক নং-১২.১ এ উল্লিখিত তথ্য বাতায়নে | মেন্টির কর্মশালার আয়োজন করতে হবে;<br>● উদ্ভাবকদের প্রশংসাসূচক/ আনুষ্ঠানিক সদনপত্র প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>● ইনোভেশন খাতের বরাদ্দ গবেষণা শীর্ষক শিরোনামের পরিবর্তে ''ইনোভেশন'' নামে বরাদ্দের বিষয়ে বাজেট শাখা ব্যবস্থা নিবেন। | ইনোভেশন টিম/ উপপরিচালক প্রশিক্ষণ/ প্রোগ্রামিং/ বাজেট | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইনোভেশন কর্ণার রয়েছে এবং তাতে সকল তথ্য আপডেট রাখা হচ্ছে।<br>১৩. ই-সেবা তৈরি ও বাস্তবায়নের আওতায় ই-বেনিফিশারীজ ডাটাবেজ সিস্টেম এর মাধ্যমে সুবিধাভোগীদের ডাটা এন্ট্রির লক্ষ্যে তিনটি জেলায় পাইলটিং করা হচ্ছে। | | |
| ০২ | সেবা সহজীকরণ | • অভ্যন্তরীণ দায়দেনা প্রেরণ সহজীকরণ ও ঋণ বিতরণ প্রক্রিয়া সহজীকরণ সংক্রান্ত (সদাবিক/আবর্তক) অফিস আদেশ জারির বিষয়ে আলোচনা হয়। | যেহেতু শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও ইনোভেশন কর্মপরিকল্পনার টার্গেট হিসেবে সেবা সহজীকরণ বিষয়টি অন্তর্ভূক্ত রয়েছে তাই অতি দ্রুত অফিস আদেশ জারির ব্যবস্থা নিতে হবে। | ইনোভেশন কমিটি/ উপপরিচালক-প্রশাসন/ঋণ/ মার্কেটিং ও সহকারী পরিচালক পেনশন/পদাবিক |
| ০৩ | ই-ফাইলিং | • ই-ফাইলিং কার্যক্রমে গতিশীলতা আনয়নে সদর দপ্তরে মহাপরিচালক মহোদয় কর্তৃক নির্দেশনা সম্বলিত স্মারক-৫ তারিখ: ০৭ জানুয়ারি/২০১৯ খ্রি: মূলে পত্র জারি করা হয়েছে;<br>• জেলা পর্যায়ে ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নে স্মারক-১০৯ তারিখ: ১২ ডিসেম্বর/২০১৮ খ্রি: মূলে মহাপরিচালক মহোদয় কর্তৃক পত্র জারি করা হয়েছে;<br>• এছাড়া ০৮ জানুয়ারি/২০১৯ খ্রি: সদর দপ্তরের উপপরিচালক ও তদুর্ধ পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে পরিচালক (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে দিক নির্দেশনামূলক একটি সভা অনুষ্ঠিত হয়। | ই-ফাইলিং কার্যক্রমে গতিশীলতা আনয়নে জোড়দার মনিটরিং ব্যবস্থা চালু রাখতে হবে। | ইনোভেশন কমিটি |
| ০৪ | সোশ্যাল মিডিয়ার ব্যবহার | • সকল পর্যায়ে সোশ্যাল মিডিয়ার সঠিকভাবে ব্যবহারের লক্ষ্যে স্মারক স্মারক-১১৫ তারিখ: ১২ ডিসেম্বর/২০১৮ খ্রি: মূলে মহাপরিচালক মহোদয় কর্তৃক পত্র জারি করা হয়েছে। | সোশ্যাল মিডিয়ার সঠিক ব্যবহার নিশ্চিতকরণের জন্য জোড়দার মনিটরিং ব্যবস্থা চালু রাখতে হবে। | ইনোভেশন কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | ক্যাবল নেটওয়ার্কিং | • ক্যাবল নেটওয়ার্কিং স্থাপনে গত ১৭ ডিসেম্বর/২০১৮ খ্রি: কমিটির সভা অনুষ্ঠিত হয়। এ কমিটির সুপারিশের আলোকে স্পেসিফিকেশন ও মূল্য নির্ধারণ কমিটি গঠন করা হয়েছে। | উল্লিখিত কমিটিসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সুস্পস্ট পরামর্শ প্রদান করবেন। | সংশ্লিষ্ট কমিটির সদস্য |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাসানুল ইসলাম,এনডিসি
পরিচালক

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.৪০

তারিখ: ৩ মাঘ ১৪২৫
১৬ জানুয়ারি ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

২) যুগ্মপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), সমবায়, ঋণ ও বাজারজাতকরণ অনুবিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

৩) উপপরিচালক, পরিকল্পনা শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

৪) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫) উপপরিচালক, বাজারজাতকরণ শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

৬) সহকারী পরিচালক (পদাবিক), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।

নাজনীন খানম
উপপরিচালক